

**আবু তাহের মুহাম্মদ জাবের**
**সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**

বিসিএস প্রশাসন ক্যাডারের ১৩তম ব্যাচের কর্মকর্তা আবু তাহের মুহাম্মদ জাবের বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে অত্যন্ত দক্ষতার সাথে কর্মসম্পাদন করেছেন।

এ মন্ত্রণালয়ে যোগদানের পূর্বে তিনি প্রধান নির্বাহী কর্মকর্তা (গ্রেড-১) হিসেবে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড-এ অত্যন্ত দক্ষতা ও সুনামের সাথে দায়িত্বপালন করেন। তিনি সেখানে হারমনি ফেস্টিভাল ও টেস্ট অব বাংলাদেশ ফুড ফেস্টিভাল আয়োজন করেন যা আমাদের সংস্কৃতি, ঐতিহ্য এবং খাবারের বৈচিত্র দেশে ও বিদেশে প্রচার ও প্রসারে ব্যাপক অবদান রেখেছে।

জনাব জাবের ১৯৯৪ সালে বাংলাদেশ সিভিল সার্ভিসে যোগদান করেন এবং জেলা প্রশাসকের কার্যালয় ঢাকা ও নেত্রকোণায় সহকারী কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন। সেখানে তিনি ম্যাজিস্ট্রেট হিসেবেও দক্ষতার স্বাক্ষর রাখেন। পরবর্তীতে তিনি সহকারী কমিশনার (ভূমি) পদে নেত্রকোণা সদর উপজেলায় এবং উপজেলা নির্বাহী অফিসার হিসেবে চাঁপাইনবাবগঞ্জ জেলার নাচোল উপজেলায় সফলতার সাথে দায়িত্ব পালন করেন। জনাব জাবের সচিবের একান্ত সচিব হিসেবে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ এবং কৃষি মন্ত্রণালয়-এ দায়িত্ব পালন করেন। তিনি মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব হিসেবেও দায়িত্ব পালন করেন। তিনি সিনিয়র সহকারী সচিব এবং উপসচিব পদে জনপ্রশাসন মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ে দায়িত্ব পালন করেন। এছাড়া বিশ্বব্যাংক, ঢাকা অফিসে কনসালটেন্ট হিসেবে তিনি বাংলাদেশ ওয়েদার এন্ড ক্লাইমেট চেঞ্জ রিজিওনাল প্রজেক্ট এবং পৌরসভা অপারেশন ম্যানুয়াল তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।

জনাব জাবের হবিগঞ্জ জেলার চুনারুঘাট উপজেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে রাষ্ট্রবিজ্ঞানে মাস্টার্স ডিগ্রী অর্জন করেন। এছাড়া তিনি লাইব্রেরী ট্রেনিং ইনস্টিটিউট, ঢাকা থেকে গ্রন্থাগার বিজ্ঞানে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা সম্পন্ন করেন। পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য তিনি দেশে ও বিদেশে জনপ্রশাসন, সুশাসন, তথ্য প্রযুক্তি, ভূমি রেকর্ড ও ব্যবস্থাপনা, প্রকল্প ব্যবস্থাপনা, ক্লাইমেট রিস্ক ম্যানেজমেন্ট, হিউম্যান সিকিউরিটি, এগ্রিকালচার এন্ড লাইভলিহুড সিস্টেম, মডার্ন মেডিকেল ট্রিটমেন্ট এন্ড হেলথকেয়ার এবং প্রাতিষ্ঠানিক দক্ষতা উন্নয়ন বিষয়ে বিশেষায়িত প্রশিক্ষণ গ্রহণ করেন।

নবযোগদানকৃত সচিব দক্ষিণ কোরিয়া, সিঙ্গাপুর, নেদারল্যান্ডস, থাইল্যান্ড ও ভারতে প্রশিক্ষণ গ্রহণ এবং সরকারি কাজে শ্রীলংকা, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, ফিলিপাইন, চীন, ভিয়েতনাম, ডেনমার্ক, সুইডেন, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন দেশ ভ্রমণ করেন।

তিনি বিবাহিত এবং এক মেয়ে ও এক ছেলের গর্বিত পিতা।